ঢাকা ওয়াসা

১। এফ.এম. বিভাগ ১ ও ২ হতে প্রাপ্ত চাহিদা পত্র এবং প্রাপ্ত ডিমান্ড বিশ্লেষন।

২। ২০২৪-২৫ অর্থ বছরের অনুমোদিত বার্ষিক ক্রয় পরিকল্পনার কপি।

৩। টেকনিক্যাল স্পেসিফিকেশন।

৪। ঢাকা ওয়াসা কর্তৃক অনুমোদিত দরের কপি।

৫। আলোচ্য কাজের প্রাক্কলন।

বিষয়: Procurement of 150 m3/hr 125 Meter Head Sub-mersible Pump-motor sets for FM Division, Dhaka WASA।

১.০। ঢাকা ওয়াসার এফ. এম বিভাগ-১ এর আওতাধীন এলাকায় ৬০০ টির অধিক এবং এফ. এম. বিভাগ-২ এর আওতাধীন এলাকায় ৬৫৯ টির অধিক গভীর নলকূপ চালু আছে এবং প্রতিনিয়ত এই সংখ্যা বৃদ্ধি পাচ্ছে। ঢাকা ওয়াসার পানি সরবরাহ ব্যবস্থা স্বাভাবিক রাখার লক্ষ্যে প্রতি অর্থবছরে পাম্প-মোটর সংগ্রহ একটি স্বাভাবিক প্রক্রিয়া। সেই প্রক্রিয়ার অংশ হিসাবে এফ. এম বিভাগ- ১ ও ২ হতে ২০২৪-২৫ অর্থবছরে পাম্প-মোটর সংগ্রহের চাহিদাপত্র সাপ্লাই চেইন ম্যানেজমেন্ট সফটওয়্যার এর মাধ্যমে পাওয়া গিয়েছে (সংযুক্তি ক্রঃ নং-১ দ্রঃ)। আগামী শুষ্ক মৌসুম ও পবিত্র রমজান মাসে গ্রাহকের পানির চাহিদা বিবেচনায় প্রাপ্ত পাম্প-মোটরের চাহিদাপত্র নিয়ে উপ-ব্যবস্থাপনা পরিচালক (ওএন্ডএম) মহোদয়ের সহিত আলোচনা হলে তিনি ১৫০ ঘনমিটার/ঘন্টা ১২৫ মিটার হেড এর ২৫ সেট সাব-মার্সিবল পাম্প-মোটর সংগ্রহের উদ্যোগ গ্রহনের জন্য নির্দেশনা প্রদান করেন।

১.১। ১৫০ ঘনমিটার/ঘন্টা ১২৫ মিটার হেড এর ২৫ সেট সাব-মার্সিবল পাম্প-মোটর সংগ্রহের লক্ষ্যে সর্বশেষ গৃহিত দর (সংযুক্তি ক্রঃ নং-৪ দ্রঃ) এর ভিত্তিতে একটি প্রাক্কলন প্রণয়ন করে সংযুক্তি ক্রঃ নং-৫ এ উপস্থাপন করা হল। প্রণীত প্রাক্কলনটিতে প্রতি সেট ১৫০ ঘনমিটার/ঘন্টা ১২৫ মিটার হেড সাব-মার্সিবল পাম্প-মোটরের সর্বশেষ গৃহিত দর ৳ ২১,০৮,০০০.০০/- হিসাবে ২৫ (পঁচিশ) সেট পাম্প-মোটরের প্রাক্কলিত ব্যয়ের পরিমাণ ৳ ৫,২৭,০০,০০০.০০/- (পাঁচ কোটি সাতাশ লক্ষ দশমিক শূন্য শূন্য) টাকা । রিলেটেড সার্ভিস বাবদ পাম্প-মোটর Installation করতে ৳ ২০,০০০.০০ হারে ৩ সেট পাম্প-মোটর Installation বাবদ প্রাক্কলিত ব্যয় ৳ ৬০,০০০.০০ (ষাট হাজার দশমিক শূন্য শূন্য) টাকা। মালামাল ক্রয় ও রিলেটেড সার্ভিস সহ সর্বমোট প্রাক্কলিত ব্যয় ৳ ৫,২৭,৬০,০০০.০০/- (পাঁচ কোটি সাতাশ লক্ষ ষাট হাজার দশমিক শূন্য শূন্য) টাকা মাত্র। আলোচ্য সংগ্রহ কাজটির ব্যয় ২০২৪-২৫ অর্থ বছরে "পাম্প-মোটর ক্রয়" খাতের ক্রমিক নং-০৩ হতে নির্বাহ করা হবে। DoFP অনুযায়ী আলোচ্য সংগ্রহ কাজের Approving Authority হল ব্যবস্থাপনা পরিচালক, ঢাকা ওয়াসা।

১.২। আলোচ্য সংগ্রহ কাজটি পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা-২০০৮ অনুসরণে One Stage Two Envelope Tendering Method (OSTETM) পদ্ধতিতে সম্পাদন করা যেতে পারে। উল্লেখ্য যে, আলোচ্য সংগ্রহ কাজের দরপত্র প্রস্তুত, আহ্বান, চুক্তি সম্পাদন ও চুক্তি বাস্তবায়ন কাজসমূহ Procuring Entity হিসাবে Executive Engineer, Procurement Division-2, Dhaka WASA কর্তৃক সম্পাদিত হবে। কাজের দরপত্র দলিল Standard Tender Document (STD) PG3 অনুযায়ী প্রণয়ন করা হবে। কাজের দরপত্র দলিলের TDS অংশের সরবরাহকারীর যোগ্যতার প্যারায় ITT 15.1(b) "The satisfactory completion of supply of similar Goods of minimum 370 Lakh under maximum 1 (one) contract in the last 5 (Five) of years i.e years counting backward from the date of publication of IFT in the e-GP System" রাখা যেতে পারে। সরবরাহকারীর Financial criteria হিসাবে ITT 16.1 (a) তে দরদাতার নুন্যতম লিকুইড এসেট ৩৭০.০০ লক্ষ টাকা রাখা যেতে পারে । প্রসঙ্গত উল্লেখ্য যে, নিরবচ্ছিন্ন পানি সরবরাহের লক্ষ্যে এবং সার্বিক পরিস্থিতি বিবেচনায় ঢাকা ওয়াসায় বর্তমানে অধিক উন্নতমানের দীর্ঘস্থায়ী পাম্প প্রয়োজন।

উন্নতমানের দীর্ঘস্থায়ী পাম্প সংগ্রহের লক্ষ্যে দরপত্রের শর্তে "Country of Origin হিসাবে USA, Germany, France, Sweden, Denmark, Netherland, Switzerland, England, Finland & Japan or Equivalent Countries." উল্লেখ রাখা যেতে পারে। ঢাকা শহরের পানি সরবরাহ ব্যবস্থা নিরিবিচ্ছিন্ন রাখার স্বার্থে পাম্প-মোটর সমূহের ওয়ারেন্টি পিরিয়ড নূন্যতম ০৩ (তিন) বছর রাখা যেতে পারে।

১.৩। এমতাবস্থায়, ঢাকা ওয়াসার পানি সরবরাহ ব্যবস্থা অব্যাহত রাখার স্বার্থে নোট অনুচ্ছেদ- ১.০ ও ১.২ এর বর্ণনা অনুযায়ী ১৫০ ঘনমিটার/ঘন্টা ১২৫ মিটার হেড ২৫ সেট সাব-মার্সিবল পাম্প-মোটর সংগ্রহ কাজের নিমিত্ত নিম্নোক্ত প্রস্তাব সদয় অনুমোদন করা যেতে পারেঃ

ক) উপস্থাপিত সর্বমোট ৳ ৫,২৭,৬০,০০০.০০/- (পাঁচ কোটি সাতাশ লক্ষ ষাট হাজার দশমিক শূন্য শূন্য) টাকার প্রাক্কলনটি অনুমোদন।

খ) আলোচ্য সংগ্রহ কাজটির ব্যয় ২০২৪-২৫ অর্থ বছরে পাম্প-মোটর ক্রয় খাতের ক্রমিক নং- ০৩ হতে ব্যয় নির্বাহের অনুমোদন।

গ) সংগ্রহ কাজের দরপত্র প্রস্তুত, আহ্বান, চুক্তি সম্পাদন ও চুক্তি বাস্তবায়ন কাজ সমূহ Procuring Entity হিসাবে Executive Engineer, Procurement Division-2, Dhaka WASA কর্তৃক সম্পাদনের অনুমোদন।

ঘ) কাজটি পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা-২০০৮ অনুসরন পুর্বক One Stage Two Envelope Tendering Method (OSTETM) পদ্ধতিতে বাস্তবায়নের অনুমোদন।

ঙ) ঢাকা শহরের পানি সরবরাহ ব্যবস্থা নিরিবিচ্ছিন্ন রাখার স্বার্থে পাম্প-মোটর সমূহের ওয়ারেন্টি পিরিয়ড নূন্যতম ০৩ (তিন) বছর রাখার অনুমোদন।

চ) উন্নত মানের দীর্ঘস্থায়ী পাম্প সংগ্রহের লক্ষ্যে দরপত্র দলিলে "Country of Origin হিসাবে USA, Germany, France, Sweden, Denmark, Netherland, Switzerland, England, Finland & Japan or Equivalent Countries." উল্লেখ রাখার অনুমোদন।

ব্যবস্থাপনা পরিচালকের দপ্তর, ঢাকা ওয়াসা — স্বাক্ষর ... তাং ০৩/১১/২৪

SDE EE SE (RP E&M)

০৩/১১/২৪
রঞ্জন বড়ুয়া
উপ-সহকারী প্রকৌশলী
সংগ্রহ বিভাগ-২
ঢাকা ওয়াসা।

০৩.১১.২৪
সাইমুল হক
উপ-বিভাগীয় প্রকৌশলী
সংগ্রহ বিভাগ-২
ঢাকা ওয়াসা।

03.11.24
মোঃ মাজহারুল ইসলাম
নির্বাহী প্রকৌশলী
সংগ্রহ বিভাগ-২
ঢাকা ওয়াসা

০৩.১১.২০২৪
মোঃ আঃ লতিফ
তত্ত্বাবধায়ক প্রকৌশলী
আর.পি.ই এন্ড এম সার্কেল
ঢাকা ওয়াসা।

CE

DMD (O&M)

০৩/১১/২৪
মুস্তাফিজুর রহমান
প্রধান প্রকৌশলী
ঢাকা ওয়াসা

১.৪। অনু-১.৩ এর প্রস্তাব অনুমোদন দেয়া যেতে পারে।

3/11/2024
(প্রকৌঃ এ.কে.এম. সহিদ উদ্দিন)
উপ-ব্যবস্থাপনা পরিচালক (পরিচালন ও রক্ষণাবেক্ষণ)
ঢাকা ওয়াসা।

MD

DMD (O&M)

১৭/১১/২৪
মোঃ ফজলুর রহমান
ব্যবস্থাপনা পরিচালক
ঢাকা ওয়াসা।

CE
17/11/2024

EE, Proc-2

17/11/24